১ অক্টোবর, ২০২৫

# রাতভর বৃষ্টিতে রাজধানীতে জলাবদ্ধতা, ভোগান্তিতে নগরবাসী



সংগৃহীত ছবি

রাজধানীতে মঙ্গলবার রাতভর বজ্রসহ ভারি বৃষ্টির ফলে অধিকাংশ সড়কে জলাবদ্ধতা তৈরি হয়েছে। পানিতে ডুবে গেছে সড়ক, দোকানপাট ও ঘরবাড়ি। ফলে সকাল থেকে অফিসগামী ও জরুরি কাজে বের হওয়া মানুষ পড়েছেন চরম দুর্ভোগে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, আগামী কয়েকদিন ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টি অব্যাহত থাকতে পারে।

রাজধানীতে মঙ্গলবার (৩০ সেপ্টেম্বর) দিবাগত রাত ১টার পর থেকে ভোর পর্যন্ত ভারি বৃষ্টিপাত হয়েছে। এখনও গুড়ি গুড়ি বৃষ্টি অব্যাহত রয়েছে। রাতভর এ বৃষ্টির কারণে ঢাকার বেশিরভাগ সড়ক পানিতে ডুবে গেছে, সৃষ্টি হয়েছে জলাবদ্ধতা। এতে যানবাহনের গতি কমে যায় এবং মানুষের চলাচলে মারাত্মক প্রতিবন্ধকতা দেখা দেয়।

সকাল থেকে অফিস, স্কুল বা জরুরি কাজে বের হওয়া সাধারণ মানুষকে জলাবদ্ধতার কারণে নাজেহাল হতে হয়েছে। অনেক জায়গায় দোকানপাট ও ঘরবাড়ি পানিতে তলিয়ে গেছে।

আবহাওয়া অফিস জানায়, বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপের প্রভাবে ঢাকাসহ সারাদেশে হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত অব্যাহত থাকতে পারে। আগামী শনিবার (৪ অক্টোবর) পর্যন্ত এই বৃষ্টি চলতে পারে।

মঙ্গলবার সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে বলা হয়, ময়মনসিংহ, ঢাকা ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়াও দেশের কিছু অঞ্চলে মাঝারি থেকে ভারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।